

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.১৯.০০১.১৫- ৫৮৩

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৪
০১ জুন ২০১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৯৮২৩/১৫ বাদী (১) জনাব আলী আহাম্মদ, পিতা- মৃত রিয়াছত আলী, সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্বদাঃ) (২) জনাব মোঃ নাজির আহাম্মেদ, পিতা-মৃত কমর উদ্দিন, ড্রাফটম্যান (৩) জনাব মোঃ মোজাহারুল ইসলাম খাঁন, পিতা- মৃত নজরুল ইসলাম খাঁন, ড্রাফটম্যান সর্বসাং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা বনাম সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এবং অন্যান্য মামলায় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১০/১২/২০১৫ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, (১) জনাব আলী আহাম্মদ, পিতা- মৃত রিয়াছত আলী, সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (২) জনাব মোঃ নাজির আহাম্মেদ, পিতা-মৃত কমর উদ্দিন, ড্রাফটম্যান (৩) জনাব মোঃ মোজাহারুল ইসলাম খাঁন, পিতা- মৃত নজরুল ইসলাম খাঁন, ড্রাফটম্যান সর্বসাং পদোন্নতির বিষয়ে হাইকোর্ট বিভাগে ৯৮২৩/১৫ নং রীট পিটিশন দায়ের করে। হাইকোর্ট বিভাগ ১০/১২/২০১৫ তারিখের নিম্নরূপ রায়/আদেশ প্রদান করে (সংযুক্তি-১) :

“The respondents are directed of the application filed by the petitioners dated 31/3/2015 to the writ petition and to consider their promotion within 30(thirty) days from the date of receipt of a copy of this judgement and order”.

বর্ণিত পিটিশনারগণ ২য় শ্রেণীর কর্মকর্তা। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিয়োগ বিধি অনুযায়ী ২য় শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ/মতামত প্রয়োজন বিধায় এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ/মতামত গ্রহণ করা হয়। কর্ম কমিশন পিটিশনারদের সহকারী প্রকৌশলী (ক্যাডার) পদে পদোন্নতির সুপারিশ করে। উক্ত সুপারিশ অনুযায়ী হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনক্রমে উল্লিখিত ৩(তিন) জন পিটিশনার-কে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে তফসিলভুক্ত সহকারী প্রকৌশলী (ক্যাডার) পদে পদোন্নতির প্রজ্ঞাপন ১৪ মার্চ ২০১৭ তারিখে জারী করা হয় (সংযুক্তি-২)। প্রজ্ঞাপনে তাদেরকে অনতিবিলম্বে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর যোগদানপত্র দাখিলের জন্য বলা হয়। পিটিশনারগণ যোগদান না করে হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়/আদেশ প্রজ্ঞাপনে যথাযথভাবে প্রতিফলিত হয়নি মর্মে উল্লেখ করে প্রজ্ঞাপনটি সংশোধনের জন্য আবেদন করেছেন। আবেদনে পিটিশনারগণ ১৯৮৯ সালে সহকারী প্রকৌশলী (ক্যাডার) ও ১৯৯৬ সালে নিবাহী প্রকৌশলী (ক্যাডার) পদে ভূতাপেক্ষভাবে পদোন্নতি প্রদানের অনুরোধ করেছেন(সংযুক্তি-৩)। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর আবেদনটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করেছেন (সংযুক্তি-৪)। হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী পিটিশনারদের ১৯৮৯ সালে সহকারী প্রকৌশলী (ক্যাডার) ও ১৯৯৬ সালে নিবাহী প্রকৌশলী (ক্যাডার) পদে ভূতাপেক্ষভাবে পদোন্নতি প্রদানের বিষয়টি মামলার রায়/আদেশে সমর্থিত কিনা এ ব্যাপারে আইন মন্ত্রণালয়ের মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, রীট পিটিশন নং-৯৮২৩/১৫ মামলার হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১০/১২/২০১৫ তারিখের রায়/আদেশ, এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত/সুপারিশ এবং পিটিশনকারীদের আবেদনের অনুযায়ী তাদেরকে ১৯৮৯ সালে সহকারী প্রকৌশলী (ক্যাডার) ও ১৯৯৬ সালে নিবাহী প্রকৌশলী (ক্যাডার) পদে ভূতাপেক্ষভাবে পদোন্নতি প্রদানের বিষয়টি মামলার রায়/আদেশে সমর্থিত কিনা এ ব্যাপারে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : সার-সংক্ষেপ।

মোঃ খাইরুল ইসলাম
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সিনিয়র সচিব

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত-সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ সচিব(আইন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।